



TRIPURA PRADESH CONGRESS COMMITTEE

Asish Kumar Saha
President

Date : 19.09.2026

মাননীয় মুখ্যমন্ত্রী,
ত্রিপুরা সরকার,
আগরতলা।

মহাশয়,

আমি রাজ্যের ৬০ ঊর্ধ্ব বয়স্ক ভারতীয় নাগরিকদের স্বীকৃত অধিকারসমূহ সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই অধিকারগুলি এখনও এই রাজ্যে সহজলভ্য নয়। শুধু তাই নয়, রাজ্যের একটি বড় অংশের মানুষ, বিশেষত আদিবাসী ও মহিলারা, জীবনধারণের বিভিন্ন ক্ষেত্র এবং প্রয়োজনীয় পরিষেবা পাওয়ার ক্ষেত্রেও বহুবিধ সমস্যা ও হয়রানির শিকার হচ্ছেন।

অথচ ভারত সরকারের প্রচলিত নিয়ম অনুসারে এই জটিলতা ও সমস্যাগুলির সহজেই সমাধান করা সম্ভব। তাই বয়োজ্যেষ্ঠ নাগরিক তথা রাজ্যবাসীর সুবিধার্থে আমি কিছু সুনির্দিষ্ট প্রস্তাব দাবি আকারে আপনার দৃষ্টি আকর্ষণের জন্য উপস্থিত করছি। আশা করি, আপনি দ্রুত উদ্যোগী হয়ে এই বিষয়ে ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করবেন।

★ ১) রাজ্যের সকল ৬০ ঊর্ধ্ব বয়োজ্যেষ্ঠ নাগরিকদের উপযুক্ত সরকারি কর্তৃপক্ষের মাধ্যমে একটি সচিত্র পরিচয়পত্র প্রদান করা আবশ্যিক।

★ ২) এই পরিচয়পত্রের মাধ্যমে যে সমস্ত সুযোগ-সুবিধা পাওয়া সহজ হবে, সেগুলি হল—

- ডাকঘর, ব্যাংক ইত্যাদিতে স্থায়ী আমানতসহ অন্যান্য জমাকৃত অর্থের ক্ষেত্রে বিশেষ সুদের অধিকার।
- নির্দিষ্ট পরিমাণ আয়করে ছাড়।
- রেল, বিমান এবং অন্যান্য সরকারি-বেসরকারি পরিবহনের ক্ষেত্রে যাত্রী ভাড়ায় ছাড়।



TRIPURA PRADESH CONGRESS COMMITTEE

Asish Kumar Saha
President

- বেসরকারি হাসপাতালের চিকিৎসা পরিষেবায় ছাড়।
- আদালতে বিচারের শুনানির তারিখ নির্ধারণের ক্ষেত্রে অগ্রাধিকারের সুযোগ।
- বৃদ্ধাশ্রম বা প্রবীণ সেবা কেন্দ্রগুলিতে ন্যূনতম খরচে থাকার সুযোগ। আদালতে বিচারের শুনানির তারিখ নির্ধারণের ক্ষেত্রে অগ্রাধিকারের সুযোগ।
- বৃদ্ধাশ্রম বা প্রবীণ সেবা কেন্দ্রগুলিতে ন্যূনতম খরচে থাকার সুযোগ।

★ বিশেষভাবে উল্লেখ্য, এই পরিচয়পত্র প্রদানের ক্ষেত্রে বিচার্য বিষয় হিসেবে বিবেচনা করা যেতে পারে

- নাগরিকের বয়সের প্রমাণপত্র।
- দেশের বৈধ নাগরিকত্বের স্বীকৃত প্রমাণপত্র।
- ত্রিপুরায় বসবাসের স্বীকৃত প্রমাণপত্র।

শুভেচ্ছান্তে,

আশীষ কুমার সাহা

আশীষ কুমার সাহা
সভাপতি
ত্রিপুরা প্রদেশ কংগ্রেস